

# 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩৮৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৪৪]

১০. কিতাবুল আযান (کتاب الأذان)

পরিচ্ছেদঃ জামাআতের সাথে নামায আদায় করা ওয়াজিব

باب وُجُوبِ صَلاَةِ الْجَمَاعَةِ

## আরবী

#### বাংলা

৩৮৪) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ ঐ সন্তার শপথ! যার হাতে আমার প্রাণ রয়েছে, আমি ইচ্ছা করেছিলাম যে, কাঠ সংগ্রহ করার আদেশ দিব। তা সংগ্রহ করা হলে আমি নামাযের জন্য আযান দেয়ার আদেশ দিব এবং একজন লোককে নামাযের ইমামতি করার আদেশ করব। তারপর আমি ঐ সমস্ত লোকদের বাড়ীতে যাব যারা জামাআতে শরীক হয়নি। অতঃপর তাদের ঘরগুলো জ্বালিয়ে দিব। ঐ সন্তার শপথ! যার হাতে আমার প্রাণ রয়েছে, তাদের কেউ যদি জানত যে, মসজিদে গোশতযুক্ত একটি হাডিচ অথবা বকরীর ভাল দু'টি খুর পাবে তাহলে সে অবশ্যই ইশার নামাযে হাজির হত।

# **English**

Congregational Salat (prayer) is obligatory.

### Narrated Abu Huraira:

Allah's Messenger () said, "By Him in Whose Hand my soul is I was about to order for collecting firewood (fuel) and then order Someone to pronounce the Adhan for the prayer and then order someone to lead the prayer then I would go from behind and burn the houses of men who did not present themselves for the (compulsory congregational) prayer. By Him, in Whose Hands my soul is, if anyone of them had known that he would get a bone



covered with good meat or two (small) pieces of meat present in between two ribs, he would have turned up for the `Isha' prayer.'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন